

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সভা

সভা নং-০৭

সভাপতি : জনাব মোঃ নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
সভায় স্থান : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, তারাকান্দা, ময়মনসিংহ।
তারিখ : ২৪-০৮-২১ খ্রিঃ
সময় : ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবি ও স্বাক্ষর :

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১	জনাব মোঃ জিয়াউল হক	চেয়ারম্যান, ৪ নং গানাগাঁও ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০২	জনাব মোঃ রেজাউল করিম দুদু	চেয়ারম্যান, ৫ নং বাগিখা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৩	জনাব মোঃ মেজবাহ উদ্দিন মঞ্জল	চেয়ারম্যান, ৬ নং ঢাকুয়া ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৪	জনাব মোঃ আব্দুস সালাম	চেয়ারম্যান, ১০ নং বিসকা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৫	জনাব মোঃ রমিজ উদ্দিন অলম	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাকান্দা, ময়মনসিংহ।	স্বাক্ষর

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে আলোচ্য সূচী আলোচনা করতে বলেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

০১। প্রশিক্ষণ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা যুব নারীর দক্ষতা বৃদ্ধিসহ ১৪টি ব্যাচে ৪২০ জন। চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রা পূরণের জন্য আবেদন পত্র সংগ্রহ করা হচ্ছে। বরাদ্দ পাওয়া গেলে প্রশিক্ষণ শুরু করা হইবে। জুলাই/২০২১ খ্রিঃ মাস পর্যন্ত অত্র উপজেলার প্রশিক্ষণ গ্রাণ্ড যুব ও যুব মহিলার সংখ্যা ১৮৪২জন।

০২। আত্মকর্মসংস্থান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ২০১৯-২০২০ খ্রিঃ অর্থ-বছরে আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ৮৪ জন। অত্র উপজেলায় শুরু থেকে জুলাই/২১ খ্রিঃ পর্যন্ত আত্মকর্মীর সংখ্যা ৪৯৭ জন। চলতি অর্থবছরে ৭ জন। অর্জিত লক্ষ্যমাত্রা শতভাগ।

০৩। যুব ঋণ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব ঋণ সম্পর্কে সভায় জানান যে, অত্র উপজেলার যুব ঋণের বরাদ্দের পরিমাণ ৪৭৭০০০০/- বা ঘূর্ণায়মান তহবিল হিসাবে কর্তৃত্বান ৫৩৭৩২৬৯/- হয়েছে। ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৭২ জনকে ৩৬,০০,০০০/- (ছত্রিশ লক্ষ টাকা)। আদায়যোগ্য - ১০৩৪০০/- আদায়কৃত ১৮৯০০/-। আদায়ের হার ১৮%। ক্রমপুঞ্জিত বিতরণ ২০০ জনকে ১১৮০০০০০/-। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য ৭৪৩৮২০০/- ক্রমপুঞ্জিত আদায়কৃত ৭৩৫৭১০০/-। আদায়ের হার ৯৯%।

০৪। যুব সংগঠন অত্র উপজেলায় ১৩টি তালিকাভুক্ত সংগঠন আছে। স্বীকৃতিপ্রাপ্ত ৪ টি। তনমধ্যে সক্রিয় ৬টি। সংগঠনগুলো তাদের গঠনতন্ত্র অনুযায়ী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

০৫। বিবিধে "মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"-এই প্রোগ্রামকে সামনে রেখে শতভাগ গ্রামকে বিদ্যুতায়িত করা হচ্ছে। সে অনুযায়ী তারাকান্দা উপজেলারও প্রতিটি গ্রাম বিদ্যুতায়িত হচ্ছে। আর বিদ্যুতায়নের ফলে মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে গেছে এর ফলে মানুষ যেমন বিদ্যুৎ লাইন ব্যবহার করছে তেমনি শহরের মতো বিদ্যুৎ যন্ত্রপাতি ব্যবহার করছে অথচ সে হিসাবে বিদ্যুৎ লাইন মেরামত কিংবা বিদ্যুৎচালিত যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণের জন্য ইলেকট্রিশিয়ান নাই বললেই চলে। সেলক্ষ্যে তারাকান্দা উপজেলার প্রতিটি গ্রাম হইতে ১জন করে বেকার যুব বাছাই পূর্বক তাদেরকে ইলেকট্রিক্যাল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা বার তাহলে তাদের যেমন বেকারত্ব দূর হবে অন্যদিকে গ্রামের মানুষদের আর ইলেকট্রিক মিঞ্জি খুজার জন্য শহরে আসতে হবে না। ফলে গ্রামের মানুষের সময়, অর্থ ও বাতায়াত কমে আসবে অধ্যাৎ গ্রামে থেকেই তাহারা ইলেকট্রিক্যাল লাইন মেরামত ও বিদ্যুৎচালিত যন্ত্রপাতি মেরামত করতে পারবেন। সে লক্ষ্যে তারাকান্দায় ইতোমধ্যে ২৫ জন বেকার যুব ও যুব মহিলাদের বেকারত্ব দূরীকরণ ও বিদ্যুৎ সংকলন লাইন, বিদ্যুৎ সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের জন্য ইনোবেশন আইডিয়া "গ্রাম ভিত্তিক ইলেকট্রিশিয়ান তৈরী" বাস্তবায়ন করা হয়েছে। তারাকান্দায় আরও বহু বেকার যুব মহিলারা প্রশিক্ষণের জন্য অত্র কার্যালয়ে যোগাযোগ করছেন। বরাদ্দ পাওয়া গেলে প্রশিক্ষণ বাস্তবায়ন করা সম্ভব। তারাকান্দা উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী অথবা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করা হইলে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা যাবে।

সিদ্ধান্ত

১. লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, আত্মকর্মী সৃজন, ঋণ বিতরণ ও আদায় পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
২. যুব ঋণ যাতে প্রসিক্ত এককল গ্রহনকারী প্রকৃত যুবরাই পায় সে নিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া প্রকল্পধারী যুব/যুব মহিলাদের এককলগুলি নিয়মিত পরিদর্শনপূর্বক তাদেরকে উৎসাহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ দিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ নজরুল ইসলাম নয়ন)

সভাপতি

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

তারাকান্দা, ময়মনসিংহ।

স্মারক নং- ৩৪.০১.৬১৮৮.০০০.০৬.০৫৩.১৯- ২৭০(২)

তারিখঃ ২৪/০৬/২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ০৩। অফিস নথি।



(মোঃ রশিদ উদ্দিন)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

তারাকান্দা, ময়মনসিংহ।